

১৫/০৮/২০২০
উপস্থিত পাসওয়ার্ড নম্বর
সফটওয়্যার নম্বর
সিআরনং-০৮১০৬/২০২০
সফটওয়্যার নম্বর
বলা হয়।



১৪০২২০২৬
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা সহায়তা ট্রাস্ট
সফটওয়্যার নম্বর
সিআরনং-০৮১০৬/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংসদ নির্বাচন
দেশের চারি
প্রাঙ্গণের হাফে

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৪

তারিখ: ১০.০২.২০২০ খ্রি.

বিষয়: HSP-MIS সফটওয়্যারে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের পিতা-মাতা ব্যতীত অন্যান্য অভিভাবক হিসাবধারী শিক্ষার্থীদের পিতা/মাতার নামীয় হিসাবে পরিবর্তন অথবা পিতা ও মাতার মৃত্যুজনিত কারণে অন্যান্য অভিভাবকের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যারে বর্তমানে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও পিতা/মাতা ব্যতীত 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করেছে এবং তাদের নামে 'খোলা হিসাব নম্বর'-এ উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে উক্ত সফটওয়্যারে এন্ট্রি দিয়েছে এমন শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অভিভাবক হিসেবে পিতা/মাতা কে নির্বাচন এবং পিতা অথবা মাতার নামে খোলা হিসাব নম্বর এন্ট্রি করে তথ্য হালনাগাদকরণ করা প্রয়োজন।

- ০২। তথ্য হালনাগাদকরণের ক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকলে পিতা/মাতা কে অভিভাবক হিসাবে নির্বাচন এবং পিতা/মাতার নামে খোলা হিসাব নম্বর অথবা শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর এন্ট্রি করতে হবে।
- ০৩। পিতা ও মাতা উভয়ের মৃত্যুজনিত কারণে যদি কোন শিক্ষার্থীর 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করার প্রয়োজন হয়, সে ক্ষেত্রে শিক্ষার্থীর অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করে আবশ্যিকভাবে শিক্ষার্থীর 'নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর' HSP-MIS সফটওয়্যারে হালনাগাদ করতে হবে।
- ০৪। পিতা/মাতা জীবিত থাকা অবস্থায় কোন অবস্থাতে অন্যান্য ব্যক্তিকে অভিভাবক নির্বাচন করা যাবে না। পিতা/মাতা জীবিত থাকা অবস্থায় অন্যান্য ব্যক্তিকে অভিভাবক নির্বাচন করা হলে এবং পিতা/মাতা ও শিক্ষার্থী ব্যতীত অন্য কোন ব্যক্তির নামীয় হিসাব নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার কারণে সরকারের আর্থিক কোন ক্ষতি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- ০৫। অন্যান্য ব্যক্তিকে অভিভাবক এবং হিসাবধারী হিসাবে নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ/পরিবর্তনের নিয়মাবলী:

- ৫.১। HSP-MIS এর URL- <https://hsp.pmeat.gov.bd/HSP-MIS/login> এ প্রবেশ করুন;
- ৫.২। প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী' অপশনে ক্লিক করুন;
- ৫.৩। 'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী' অপশনে 'ব্যাংকিং তথ্য আপডেট' অপশনে ক্লিক করুন;
- ৫.৪। 'শিক্ষার্থীর ব্যাংকিং তথ্য আপডেট' অপশনে অর্থ বছর সিলেক্ট না করে 'খুজুন' বাটনে ক্লিক করুন;
- ৫.৫। শিক্ষার্থীর নামের বিপরীতে সম্পাদনা করুন কলামের 'কলাম আইকন (এডিট অপশন)' বাটনে ক্লিক করুন;
- ৫.৬.১। অভিভাবকের তথ্য এর সম্পর্ক ড্রপডাউনে ক্লিক করে পিতা অথবা মাতা কে অভিভাবক হিসাবে নির্বাচন করে তথ্য হালনাগাদ করুন;